70

26 JUL 1994

তারিখ 28 JUL 1994
পৃষ্ঠা 70 কলাম 4

দৈনিক বাংলা

# চলতি অর্থ বছরে প্রতিটি থানায় ১৬টি করে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করা হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নের ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে। তিনি বলেন, চলতি অর্থ বছর নাগাদ প্রতিটি থানায় ১৬টি করে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করা হবে।

শিক্ষামন্ত্রী শনিবার রংপুরে কার-মাইকেল কলেজ ও বেগম রোকেয়া কলেজের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানে জেলা প্রশাসক আফজাল হোসেন, বিএনপি নেতা রেজাউল হক সরকার (রানা); রহিম উদ্দিন ভরসা ও নূরুল হুদা সুলতান বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষাকে গণমুখী করে তোলার লক্ষ্যে শিক্ষার গুণ ও পরিমাণগত পরিবর্তন সাধন করতে চায়। তিনি বলেন, উন্নতমানের শিক্ষাদানে উৎসাহিত করার লক্ষ্যে সরকার গত তিন বছরে বিপুল সংখ্যক কলেজ শিক্ষককে পদোন্নতি দিয়েছে। তিনি বলেন, পল্লীর মানুষের কাছে উচ্চশিক্ষার সুযোগ পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার কলেজ-গুলোতে অনার্স ও মাস্টার্স ডিগ্রী কোর্স চালু করেছে।

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বিএনপি সরকার ছাত্রদেরকে উন্নত শিক্ষাদানের লক্ষ্যে শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ রক্ষা করতে দৃঢ়-প্রতিজ্ঞ। তিনি শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ রক্ষায় প্রচেষ্টা চালানোর জন্য ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহবানজানিয়েছেন।

এর আগে শিক্ষামন্ত্রী রংপুরে বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। খবর তথ্য বিবরণীর।

জানা গেছে, ঢাকায় দলীয় সভাশেষে তারা ঝিনাইদহে যাচ্ছিল। এদের কাছ থেকে দলীয় লিফলেট, মিনি টেপরেকর্ডার, অডিও ক্যাসেটসহ বেশ কিছু কাগজপত্র উদ্ধার করা হয়। গ্রেফতারকৃতরা হচ্ছে ঝিনাইদহের আতর আলী বিশ্বাস, মাগুরার বদরুল আলম ও জাকির হোসেন রাজা, যশোরের নাজির আহমদ ও ঝালকাঠির মুকুল আহমেদ।